গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

**জুন/২০২৩ মাসে অনুষ্ঠিত কেশবপুর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কেশবপুর, যশোর। |
| সভার তারিখ | : | ২২-০৬-২০২৩ খ্রিস্টাব্দ। |
| সময় | : | সকাল ১০:০০ টায়। |
| স্থান | : | সভাকক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | হাজিরা খাতায় সংরক্ষিত। |

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অংশগ্রহণকারী ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউপি চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন কার্যালয়ের দায়িত্বশীল কর্মকর্তাসহ সকল সদস্যদের পবিত্র ঈদ-উল-আযহার অগ্রীম শুভেচ্ছা ও স্বাগত জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমোদনক্রমে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান পবিত্র ঈদ-উল-আযহা সমাগত। পশু কোরবানি করা হবে। পশু কোরবানি করার জন্য একটি নির্ধারিত জায়গায় প্রস্তুত করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। তাছাড়া পশু কোরবানির ক্ষেত্রে সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানানো হয়।

এরপর গত মাসের কার্য বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত আহবান করা হলে সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নের বিষয়গুলো নিম্নরূপ:

আলোচ্য সূচি-২: ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নযোগ্য এডিপি প্রকল্পের প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। টেন্ডার প্রক্রিয়ায় বাস্তবায়নযোগ্য কাজ ৯৫% শেষ হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় কাজ সম্পন্ন হবে। তিনি আরো জানান ২০২২-২০২৩ অর্থ বছরে মাননীয় মন্ত্রী মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী বার্ষিক উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২৮/০৫/২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২২-৫৩৭ নং স্মারকে কেশবপুর উপজেলার জন্য ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থের ঠিকাদার কর্তৃক ৫% কমে দরপত্র দাখিল করাই প্রায় ২ লক্ষ ৩০ হাজার টাকা সাশ্রয়ী আছে। এ সাশ্রয়কৃত অর্থের বিপরীতে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তিনি আরো জানান ৩০ জুন ২০২৩ সন্নিকটে। ৩০ জুনের ভিতরে এ প্রকল্প বাস্তবায়ন করতে হলে টেন্ডার প্রক্রিয়ায় বাস্তবায়ন করা সম্ভব হবে না। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে দ্রুত ক্রয় এবং বিতরণ করা যায় এমন দুইটি প্রকল্প গ্রহণ এবং প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন। প্রকল্প এবং প্রকল্প কমিটি নিম্নরূপ: | ২০২২-২৩ অর্থ বছরে যথাসময়ে সকল প্রকল্পের কাজ বাস্তবায়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পার্শ্বেবর্ণিত প্রকল্প এবং প্রকল্প কমিটি অনুমোদিত ও গ্রহীত হয় এবং দ্রুত প্রকল্পের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর। |

১। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলমিরা সরবরাহ। বরাদ্দ- ১,১৫,০০০.০০ টাকা।

| ক্রমিক নং | প্রকল্প কমিটিদের নাম | পরিচয় | প্রকল্প বস্তবায়ন কমিটিদের পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মো: আসাদুজ্জামান শিমুল | ইউপি সদস্য, সাগরদাঁড়ী ইউপি | সভাপতি |
| ২. | জনাব মোছা: শরিফা খাতুন | সংরক্ষিত ইউপি সদস্য, সাগরদাঁড়ী ইউপি | প্রকল্প সেক্রেটারী |
| ৩. | জনাব মো: জিয়ামত আলী | ইউপি সদস্য, সাগরদাঁড়ী ইউপি | সদস্য |
| ৪. | জনাব মো: শহিদুল ইসলাম | গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| ৫. | জনাব মো: হায়দার আলী | সমাজ সেবক | সদস্য |
| ৬. | জনাব মো: রফিকুল ইসলাম | সমাজকর্মী | সদস্য |
| ৭. | জনাব মো: কালাম সরদার | গণমান্য ব্যক্তি | সদস্য |

২। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কাঠের বেঞ্চ সরবরাহ। বরাদ্দ- ১,১৫,০০০.০০ টাকা।

| ক্রমিক নং | প্রকল্প কমিটিদের নাম | পরিচয় | প্রকল্প বস্তবায়ন কমিটিদের পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব কাজী মুস্তাফিজুল ইসলাম | চেয়ারম্যান, সাগরদাঁড়ী ইউপি | সভাপতি |
| ২. | মোঃ আলাউদ্দীন | চেয়ারম্যান,০৬ নং কেশবপুর ইউনিয়ন পরিষদ | প্রকল্প সেক্রেটারী |
| ৩. | মাসুদুজ্জামান মিঠু | সদস্য | সদস্য |
| ৪. | মঞ্জুর রহমান | সদস্য | সদস্য |
| ৫. | আজহারুল ইসলাম | সদস্য | সদস্য |
| ৬. | আব্দুল হালিম | সদস্য | সদস্য |
| ৭. | আব্দুল খালেক | সদস্য | |

CamScanner

আলোচ্য সূচি-৩: বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | স্বাস্থ্য সেবার মান আরো বাড়াতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, কেশবপুর |
| ২ | প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান ঈদ-উল-আযহা উপলক্ষ্যে স্থায়ী পশু হাটে সার্বক্ষণিকভাবে মেডিকেল টীম আছে। তারা পশুর স্বাস্থ্য ও গর্ভধারণ অবস্থা সম্পর্কে অবগত করছেন। ইউনিয়ন পরিষদ বা অন্য কোন ভাবে পশু চিকিৎসার জন্য সহায়তা চাইলে তাৎক্ষনিকভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী তিন বছরের জন্য পাঁচারই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের প্রতিদিন ২শত মিলিগ্রাম দুধ খাওয়ানোর প্রকল্প গ্রহণ করা হয়েছে। পুষ্টি চাহিদা মেটাতে এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৩ | কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তিনি জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, কেশবপুর |
| ৪ | মৎস্য বিভাগ: সি: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, সুফলাকাটি ও গৌরিঘোনা ইউনিয়নে গলদা চাষে ক্লাস্টার অনুযায়ী কার্যক্রম চলমান আছে। সকল শর্তপূরণ করলে তাদের মাঝে অর্থ বরাদ্দ করা হবে। অজ্ঞতাবশত: মৎস্য চাষীরা তাদের শর্তগুলো পূরণ করছে না। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে। | সি: উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান এ উপজেলায় ভিক্ষুক পুনবার্সন করা হয়েছিল। এ বছর ৩৫ হাজার টাকা প্রদান করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কেশবপুর |
| ৬ | প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন বাবদ নির্ধারিত বরাদ্দ মোট ৪০(চল্লিশ) লক্ষ টাকার বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত ২টি প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় (বিস্তারিত তালিকা "পরিশিষ্ট ক")। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে। পার্শ্বেবর্ণিত "পরিশিষ্ট ক" প্রকল্পগুলো চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, ঢাকা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, কেশবপুর, যশোর। |
| ৭ | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৮ | শিক্ষা বিভাগ: | অনুপস্থিত | |
| ৯ | পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি মে/২০২৩ মাসের প্রতিবেদনে পাঠ করে শুনান। তিনি জানান এ উপজেলায় মোট সক্ষম দম্পতি সংখ্যা ৫৯,৫৭২ জন। সর্বমোট পদ্ধতি গ্রহণকারী- ৪৭,৮৭৮ জন। পদ্ধতি গ্রহণকারীরর হার- ৮০.৩৭%। পরিবার পরিকল্পনা পদ্ধতি ভিত্তিক বিভাজন: অস্থায়ী পদ্ধতি- খাবার বড়ি- ৩,৪০৪ চক্র, কনডম- ১৪,৯১২ পিস, ইনজেকটেবলস- ২,০০২ ভায়াল। দীর্ঘ মেয়াদী পদ্ধতি: আইইউডি ১১ জন, ইমপ্লান্ট ৩৭ জন। স্থায়ী পদ্ধতি: এনএসডি (পুরুষ)- ০ জন, টিউবেকটমী (মহিলা) ০ জন। মা ও শিশু স্বাস্থ্য সেবা: চলতি মাসে মোট গর্ভবতীর সংখ্যা- ৮৫৯ জন, মোট গর্ভবতীর সংখ্যা- ১,৬০৯ জন। গর্ভবর্তীর মায়ের যত্ন- ৭৪০ জন (৪-৯ মাসের মধ্যে), প্রসব (স্বাভাবিক- ৩৯ জন। জীবিত সন্তান জন্ম গ্রহণ করে ২৫৬ জন। প্রসবোত্তর যত্ন ৩২৯ জন এবং বন্ধ্যা দম্পতির পরামর্শ প্রদান করা হয় ৬৩ জন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ: | অনুপস্থিত | |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ: | অনুপস্থিত | |
| ১২ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প), বিআরডিবি: উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প) জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, কেশবপুর |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি): উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক ঋণ প্রদান কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও ফরেস্টার, কেশবপুর, যশোর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৪ | সমবায় বিভাগ: | অনুপস্থিত | |
| ১৫ | মহিলা বিষয়ক কর্মকর্তা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান মা ও শিশু সহায়তা কর্মসূচির ১০৬৩ জনের বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য বিভাগ: উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭ | পল্লী সঞ্চয় ব্যাংক: | অনুপস্থিত | |
| ১৮ | বন বিভাগ: | অনুপস্থিত | |
| ১৯ | বিদ্যুৎ বিভাগ: ডেপুটি জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, কেশবপুর জোনাল অফিস জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ২০ | পানি উন্নয়ন বোর্ড: উপ-বিভাগীয় প্রকৌশলী (পাউবো) জানান যে, জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে। | উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো |
| ২১ | ইউডিএফ: উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ৪০ লক্ষ টাকার প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। ইতোমধ্যে উপজেলা বাছাই কমিটির মাধ্যমে প্রকল্প চূড়ান্ত করা হয়েছে। দ্রুত অনুমোদনের জন্য চূড়ান্ত প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কেশবপুর |
| ২২ | তথ্য আপা: তথ্য আপা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | তথ্য আপা কর্মকর্তা, কেশবপুর |

উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ বিভাগের আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | মেয়র, কেশবপুর পৌরসভার: | অনুপস্থিত | |
| ২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | উপজেলা ভাইস চেয়ারম্যান |
| ৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান |
| ৪ | চেয়ারম্যান, ১নং ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ১ নং ত্রিমোহিনী ইউপি |
| ৫ | চেয়ারম্যান, ২নং সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ২ নং সাগরদাঁড়ী ইউপি |
| ৬ | চেয়ারম্যান, ৩নং মজিদপুর ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ৭ | চেয়ারম্যান, ৪নং বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ৪ নং বিদ্যানন্দকাটি ইউপি |
| ৮ | চেয়ারম্যান, ৫নং মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ৯ | চেয়ারম্যান, ৬নং কেশবপুর ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ১০ | চেয়ারম্যান, ৭নং পাঁজিয়া ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ৭ নং পাঁজিয়া ইউপি |
| ১১ | চেয়ারম্যান, ৮নং সুফলাকাটি ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ৮নং সুফলাকাটি ইউপি |
| ১২ | চেয়ারম্যান, ৯নং গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | অনুপস্থিত | |
| ১৩ | চেয়ারম্যান, ১০নং সাতবাড়ীয়া ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ১০নং সাতবাড়ীয়া ইউপি |
| ১৪ | চেয়ারম্যান, ১১নং হাসানপুর ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ১১নং হাসানপুর ইউপি |

আলোচ্য সূচি-৪: রাজস্ব তহবিলের বিভিন্ন নিয়মিত ব্যয় সংক্রান্ত আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ১ | রাজস্ব তহবিল: ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোরের মে/২৩ মাসের ভ্রমণ ব্যয়- ১০,০০০.০০ টাকা। ২) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোরের মে/২৩ মাসের ভ্রমণ ব্যয়- ৫,০০০.০০ টাকা, ৩) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোরের মে/২৩ মাসের ভ্রমণ ব্যয়- ৫,০০০.০০ টাকা। মাসিক সাধারণ সভাসহ অন্যান্য সভা, চেয়ারম্যান কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাইস চেয়ারম্যানদ্বয়ের দপ্তরের জুন/২৩ মাসের মাসিক নিয়মিত আনুষঙ্গিক ও আপ্যায়ণ ব্যয় পরিশোধ করতে হবে। | বিধি মোতাবেক রাজস্ব তহবিল থেকে ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদ কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এ প্রদেয় অর্থ প্রদান: উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) তহবিল খোলা হয়েছে। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ৩ মার্চ ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৩১৮ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদে কর্মরত ১ জন সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ১ জন গাড়ী চালক এবং ২ জন অফিস সহায়কের ভবিষ্য তহবিল হিসাব পরিচালনা/খোলার নির্দেশনার আলোকে সোনালী ব্যাংক, কেশবপুর শাখায় সিপিএফ তহবিল খোলা হয়েছে এবং নিয়মিত চাঁদা জমা প্রদান করা হচ্ছে। উপজেলা পরিষদ কর্মচারী ভবিষ্য তহবিল ও আনুতোষিক নীতিমালার ৪৭(২) এবং ৪৯(২) নং অনুচ্ছেদের নির্দেশনার আলোকে কর্মচারীদের হিসেবে রাজস্ব তহবিল হতে মূল বেতনের ১০% এবং মুনাফা হিসেবে ১৩% সহ ২০২২-২০২৩ অর্থবছরে সর্বমোট= ২৪,৬৮০.০০ (চব্বিশ হাজার ছয়শত আশি) টাকা প্রদান করা যায়।<br>উপজেলা পরিষদে কর্মরত মালী ও পরিচ্ছন্নতা কর্মী জুন/২৩ মাসে ১৫,৯৫০.০০ টাকা হারে মজুরী অনুমোদন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |

আলোচ্য সূচি-৫: বিবিধ:

| | | | |
|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর জানান যে, উপজেলার অভ্যন্তরে অনেক উন্নয়নমূলক কাজ নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে অজান্তে হচ্ছে। উপজেলা চেয়ারম্যান হিসেবে সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের পূর্বে পরামর্শ নেওয়ার অনুরোধ করা হয়েছে। উপজেলার অনুকূলে এডিপিসহ অন্যান্য যে সকল বরাদ্দ প্রদান করা হয় সে সকল বরাদ্দ ইউনিয়নওয়ারী বন্টন করা প্রয়োজন। সমবন্টন হলে দৃশ্যমান উন্নয়ন হবে। অনেক দপ্তর হতে বিভিন্ন প্রনোদনা বিতরণ বা প্রকল্প বাস্তবায়ন করা হয়। সেগুলো সম্পর্কে জানা যায়না বা জানানো হয়না। এগুলো অত্যন্ত দৃষ্টিকটু। সকলে মিলে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সকল উন্নয়নমূলক কাজ সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। | নির্বাচিত জনপ্রতিনিধিসহ সকল দপ্তর, কেশবপুর, যশোর |

অত:পর, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে দীর্ঘায়ু কামনা ও ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

(কাজী রফিকুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কেশবপুর, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪১৩৮.০০০.০৩.০২৬.২৩-৮৫০ (৬০)

তারিখ: ০৮ আষাঢ়, ১৪৩০ / ২২ জুন, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯০-যশোর-০৬
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৫। জেলা প্রশাসক, যশোর।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
০৮। ..........................................................................................
০৯। অফিস কপি।

22.06.23

(এম.এম. আরাফাত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কেশবপুর, যশোর।
unokeshabpur@mopa.gov.bd

CamScanner

**উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা:**
**মাসের নাম: জুন/২০২৩**

| উপস্থিত সদস্যবৃন্দ | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর। | মেয়র, কেশবপুর পৌরসভা, কেশবপুর, যশোর |
| উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর। | চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর |
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর | চেয়ারম্যান, মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর |
| মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর | চেয়ারম্যান, কেশবপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর |
| চেয়ারম্যান, ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর | চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর |
| চেয়ারম্যান, সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কেশবপুর, যশোর |
| চেয়ারম্যান, বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর |
| চেয়ারম্যান, পাঁজিয়া ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর | ব্যাবস্থাপক, আমার বাড়ি আমার খামার, কেশবপুর, যশোর |
| চেয়ারম্যান, সুফলাকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর | ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর, যশোর |
| চেয়ারম্যান, সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর | |
| চেয়ারম্যান, হাসানপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর | |
| উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা কৃষি কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর | |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা প্রকল্প কর্মকর্তা(পজীপ), কেশবপুর, যশোর | |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা সমবায় কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেশবপুর, যশোর | |
| উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কেশবপুর, যশোর | |
| তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, কেশবপুর, যশোর | |

CamScanner